



দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম (ডি.এম.এফ.)

ট্রেড ইউনিয়ন রেজিস্ট্রেশন নং - ২০৮৭৪/৯২ (এন.এফ.এফ. অনুমোদিত)

প্রধান কার্যালয়ঃ- ২০/৮ শিল লেন, কলকাতা- ৭০০০১৫; ফোন ও ফ্যাক্স- ০৩৩ ২৩২৮৩৯৮৯; ই-মেইলঃ- dmfwestbengal@gmail.com

R

মাননীয়া মৎস্য অধিকর্তা,
মৎস্য অধিকার,
পশ্চিমবঙ্গ সরকার

১৭ জুলাই, ২০২০

বিষয়ঃ অভ্যন্তরীণ মৎস্যক্ষেত্রে মৎস্যকর্মীদের সরকারি পরিচয়পত্র

মাননীয়া মহাশয়া,

দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরামের পক্ষ থেকে হার্দিক অভিনন্দন।

একথা অনন্বীক্ষ্য যে সামুদ্রিক ক্ষেত্রের মৎস্যকর্মীদের ন্যায় অভ্যন্তরীণ ক্ষেত্রের মৎস্যকর্মীদেরও পেশার মর্যাদার স্বীকৃতি ও আনুষঙ্গিক অধিকার ও সুযোগ-সুবিধা লাভের জন্য সরকারি পরিচয়পত্রের ভীষণ প্রয়োজন রয়েছে। যথাযথভাবে প্রদত্ত হলে মৎস্যকর্মীদের সরকারি পরিচয়পত্র মৎস্যক্ষেত্রে এক অতি গুরুত্বপূর্ণ তথ্যভান্দার হিসেবে কাজ করতে পারে। এর দ্বারা মৎস্য দণ্ডের হেফাজতে বিভিন্ন এলাকায় অবস্থিত বিভিন্ন ধরণের মৎস্যকর্মীদের অবস্থানের নথী থাকে যা পরিকল্পনা প্রস্তুতি ও রূপায়ণে অত্যন্ত সাহায্য করে।

রাজ্য মৎস্যদণ্ডের বিষয়টি সম্পর্কে অবগত আছেন এবং অভ্যন্তরীণ মৎস্যকর্মীদের (মৎস্য শিকারি, মৎস্য চাষী ও মৎস্য ভেন্ডরদের) সরকারি মৎস্যকর্মী পরিচয়পত্র প্রদানের ব্যবস্থাও আছে। কিন্তু পুরো প্রক্রিয়াটি অত্যন্ত শ্লথ ও চিলেচালাভাবে চলছে। বিভিন্ন জেলায় পরিচয়পত্রের জন্য কয়েক হাজার আবেদন বছরের পর বছর ধরে পড়ে আছে।

তাছাড়া, পরিচয়পত্রের আবেদনে পথগায়েতের সুপারিশ বাধ্যতামূলক হওয়ার কারণে বহু যথার্থ মৎস্যজীবীর ভাগ্যে ঐ সুপারিশ ও পরিচয়পত্র মিলছে না। প্রসঙ্গতঃ উল্লেখ্য যে সামুদ্রিক ক্ষেত্রে পরিচয়পত্রের জন্য পথগায়েতের সুপারিশের প্রয়োজন নেই এবং মৎস্যজীবী সংগঠন ঐ সুপারিশ করতে পারে।

এই পরিপ্রেক্ষিতে আমাদের আবেদন –

- ১। অভ্যন্তরীণ মৎস্যক্ষেত্রের কর্মীদের (মৎস্য শিকারি, মৎস্য চাষী, মৎস্য ভেন্ডর ও আনুষঙ্গিক মৎস্যকর্মীদের) সরকারি পরিচয়পত্র প্রদানের প্রক্রিয়া ত্বরিত করতে কার্যকরী ব্যবস্থা নেওয়া হোক, এবং
- ২। সামুদ্রিক ক্ষেত্রে মতো অভ্যন্তরীণ ক্ষেত্রেও মৎস্যকর্মীর সরকারি পরিচয়পত্রের জন্য মৎস্যজীবী সংগঠনের সুপারিশকে মান্যতা দেওয়া হোক।

ধন্যবাদান্তে,

প্রদীপ চাটাঙ্গী
সভাপতি

প্রদীপ চাটাঙ্গী
সভাপতি

দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম

মিলন দাস
সাধারণ সম্পাদক

